

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-১  
www.ssd.gov.bd


নং-৫৮.০০.০০০০.০৯৪.৩১.২৭.১৮- ০২

তারিখ : ১৮ পৌষ ১৪২৬ বঃ  
০২ জানুয়ারি ২০২০ খ্রি:

বিষয় : “বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন” শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন” শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৪র্থ সভা গত ১৫/১২/২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব মো: শহিদুজ্জামান। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(শিরিন আখতার)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯৫৭৪৫২৫

বিতরণ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৫. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (বহিরাগমন ও পাসপোর্ট), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, “বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা” শীর্ষক প্রকল্প, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রেরণের অনুরোধসহ)।
১০. বিভাগীয় প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. যুগ্ম-সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২. উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৩. পরিচালক (ডাটা সেন্টার ও সিস্টেম), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা।
১৪. পরিচালক, (প্রশাসন), বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
পরিকল্পনা শাখা  
[www.ssd.gov.bd](http://www.ssd.gov.bd)

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন” শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৪র্থ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মো: শহিদুজ্জামান  
সচিব, সুরক্ষা সেবা বিভাগ  
তারিখ : ১৫ ডিসেম্বর ২০১৯  
সময় : সকাল ১১.৩০ টা  
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযোজিত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত এবং জাতীয় গুরুত্বপূর্ণ “ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন” শীর্ষক প্রকল্পটি বিগত ২১/০৬/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪৬৩৫.৯০ কোটি টাকা এবং মেয়াদকাল ১০ বছর (২০১৮ হতে ২০২৮ পর্যন্ত)। তিনি আরো জানান যে, এ প্রকল্পের আওতায় বাংলাদেশী নাগরিকদের ৩০ মিলিয়ন বাংলাদেশীকে ই-পাসপোর্ট প্রদান ছাড়াও ৩টি আন্তর্জাতিক বিমানবন্দর এবং ২টি স্থল বন্দরে ৫০টি ই-গেইট স্থাপন করা হবে। ই-পাসপোর্ট ৫ বছর ও ১০ বছর উভয় মেয়াদী এবং ৪৮ ও ৬৪ পৃষ্ঠার প্রভিশন থাকবে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ই-পাসপোর্ট প্রবর্তন বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে মর্মে উপপ্রধান সভাকে অবহিত করেন।

২। উপপ্রধান সভাকে আরো অবহিত করেন যে, গত ১৩/০৬/২০১৯ তারিখে আলোচ্য প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত এবং বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপে তিনি উস্থাপন করেন:

ক্র: নং	স্টিয়ারিং কমিটির ৩য় সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	প্রকল্পের স্টিয়ারিং কমিটিতে (পিএসসি) পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি কো-অপ্ট করা;	পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি কো-অপ্ট করা হয়েছে।
২.	ই-পাসপোর্ট উদ্বোধনের বিষয়ে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভা আহ্বান করা;	উদ্বোধনের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করা হয়েছে। উদ্বোধনের তারিখ পাওয়ার পর মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে সভা আয়োজন করা হবে।
৩.	ই-পাসপোর্ট উদ্বোধনের বিষয়ে সার্বক্ষণিক পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখা;	পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত আছে।
৪.	উদ্বোধনের ০১ সপ্তাহ পূর্বে মন্ত্রণালয়, ডিআইপি এবং Veridos GmbH প্রতিনিধি সমন্বয়ে একটি সেমিনার/প্রেস ব্রিফিং এর আয়োজন করা;	উদ্বোধনের তারিখ নির্ধারিত হওয়ার পর আয়োজন করা হবে।
৫.	২১ জুলাই ২০১৯ এর মধ্যে ই-পাসপোর্ট স্থাপনের সকল কাজ সম্পন্ন করে উদ্বোধনের জন্য প্রস্তুত রাখা;	উদ্বোধনের বিষয়ে নিম্নরূপ অগ্রগতি সাধিত হয়েছে: (ক) ই-পাসপোর্ট এর নমুনা কপি (Specimen Passport) তৈরী সম্পন্ন হয়েছে, যা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বিশ্বের সকল দেশে ও বিমান বন্দরে প্রেরণ করার



ক্র: নং	স্টিয়ারিং কমিটির ৩য় সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
		<p>প্রক্রিয়া চলছে।</p> <p>(খ) ই-পাসপোর্ট প্রকল্প উদ্বোধনের প্রাথমিক পর্যায়ে ঢাকার RPO সমূহের প্রতিটি হতে গড়ে ৩০০-৩৫০ ই-পাসপোর্ট প্রদান করা সম্ভব হবে, যা অনলাইন সফটওয়্যার দ্বারা সিরিয়াল নিয়ন্ত্রণ করা হবে।</p> <p>(গ) Regional Passport Office (RPO) ও Foreign Mission (FM) সমূহে ই-পাসপোর্ট প্রক্রিয়া চালুর নিমিত্তে Veridos একটি Roll Out Plan তৈরী করেছে, যেখানে জুন ২০২০ এর মধ্যে RPO সমূহ এবং ডিসেম্বর ২০২০ এর মধ্যে FM সমূহ Roll Out সম্পন্ন করবে। কিন্তু বাস্তব অগ্রগতি ও কাজের পরিধি বিবেচনা করলে RPO ও FM সমূহে Roll Out যথাক্রমে অক্টোবর ২০২০ এবং জুন ২০২১ সালে সম্পন্ন হতে পারে।</p> <p>(ঘ) Passport Fees এবং Passport Rules মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।</p> <p>(ঙ) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ই-গেইট স্থাপনসহ প্রয়োজনীয় Connectivity &amp; Functionality ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।</p> <p>(চ) ই-পাসপোর্ট ব্যবস্থাপনায় Immigration পদ্ধতি নতুন হবে বিধায় এ বিষয়ে Policy তৈরী ও অনুমোদন মন্ত্রণালয় হতে গ্রহণ করতে হবে।</p> <p>(ছ) ডাটা সেন্টারের মাইগ্রেশন, ইন্টিগ্রেশন ও ডাটা ক্লিনিং সম্পন্ন হয়েছে। বর্তমানে অনলাইন মাইগ্রেশন ও ইন্টিগ্রেশন চলমান রয়েছে।</p> <p>(জ) উত্তরা RPO এর প্রস্তুতি প্রায় সম্পন্ন। আগারগাঁও ও যাত্রাবাড়ী RPO এর প্রস্তুতি চলমান।</p>
৬.	ডাটা ইন্টিগ্রেশন ও মাইগ্রেশন কাজ চুক্তি অনুযায়ী দ্রুত সম্পন্ন করা;	৩০ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে সম্পন্ন হবে।
৭.	পিপিআর ও সরকারি সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করে Veridos GmbH এর নিকট হতে ওয়েব ক্যামেরার পরিবর্তে ৪০০টি ডি এস এল আর ক্যামেরা গ্রহণ এবং প্রকল্পের প্রয়োজনে অতিরিক্ত ডি এস এল আর ক্যামেরা প্রকল্প থেকে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ;	কাজ সম্পন্ন
৮.	ডিআইপি কর্তৃক নিয়োজিত সিএন্ডএফ এজেন্ট এর মাধ্যমে পোর্ট হতে যন্ত্রপাতি ও পণ্য খালাসের ব্যবস্থা গ্রহণ;	কার্যক্রম চলছে
৯.	ই-পাসপোর্টের উপর বুকলেট/লিফলেট এবং TVC প্রস্তুত করে প্রচারের ব্যবস্থা করা;	প্রক্রিয়াধীন
১০.	উদ্বোধনের কর্মসূচী এবং করণীয় বিষয় নির্ধারণের জন্য মহাপরিচালক, পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের	ই-পাসপোর্ট প্রকল্পের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে।

ক্র: নং	স্টিয়ারিং কমিটির ৩য় সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
	সভাপতিত্বে একটি কমিটি গঠন করা।	

৩। সভাপতি রোডম্যাপ অনুযায়ী ই-পাসপোর্ট উদ্বোধনের বিষয়ে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভা আহ্বানের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি উদ্বোধনের বিষয়ে সার্বক্ষণিক পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখার জন্য অনুরোধ করেন। উদ্বোধনের ০১ সপ্তাহ পূর্বে মন্ত্রণালয়, ডিআইপি এবং Veridos GmbH এর প্রতিনিধি সমন্বয়ে একটি সেমিনার/প্রেস ব্রিফিং-এর আয়োজন করা যেতে পারে বলে মর্মে তিনি নির্দেশনা প্রদান করেন। এছাড়া, উদ্বোধনের আগে স্টিয়ারিং কমিটির পরবর্তী সভা ই-পাসপোর্ট ভবনে আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়।

৪। প্রকল্প পরিচালক সভাকে আরো অবহিত করেন যে, Change Request (CR) এর মাধ্যমে সংখ্যা বৃদ্ধি বিবেচনায় নিয়মানুযায়ী বেশ কিছু আইটেমের অনুমোদন CR কমিটি কর্তৃক দেয়া হয়। কিন্তু Veridos এই সংখ্যা বৃদ্ধির পাশাপাশি কিছু আইটেম এর মডেল/স্পেসিফিকেশন পরিবর্তন করে যা উক্ত কমিটি কর্তৃক আলোচনায় আসেনি। পরবর্তীতে বিভিন্ন পর্যায়ে কমিটির আলোচনায় ও Change Request (CR) পর্যালোচনার মাধ্যমে ১৯ টি আইটেম নিয়ে আপত্তি রয়ে যায়। ভেরিডোস কর্তৃক ১৯টি আইটেমের মধ্যে ১৮টি আইটেমের ব্যাপারে প্রস্তাবনা প্রেরণ করে, যার মধ্যে কিছু আইটেম চুক্তি অনুযায়ী প্রদানে সম্মত হয় এবং কিছু আইটেম পরিবর্তনের জন্য সুপারিশ করে। এই ১৮ টি আইটেম ভেরিডোস একটি প্যাকেজ হিসেবে সকল আইটেম এর অনুমোদন প্রত্যাশা করে। আইটেম সমূহ নিম্নরূপ:

(ক) Server Dell XXLarge (R740 Intel®XeonGold 6132): চুক্তি মোতাবেক ভেরিডোস কর্তৃক ডাটা সেন্টারের জন্য ৪২টি ৬১৩২ মডেল এর সার্ভার প্রদানের বাধ্যবাধকতা রয়েছে, যা ভেরিডোস কর্তৃক প্রদান করবে বলে প্রস্তাবনায় উল্লেখ করেছে। এক্ষেত্রে ডাটা সেন্টারের জন্য প্রদত্ত ৫২টি ৫১১৫ মডেল এর সার্ভার আপগ্রেড মডেল হিসেবে সমন্বয় করবে।

(খ) Flatbed Scanner: RPO/FM A & B type এর জন্য মডেল HP Model-3500 এবং RPO/FM C type এর জন্য মডেল HP Model-2500 Veridos কর্তৃক প্রস্তাব করা হয়। চুক্তিতে উভয় মডেলের কথা উল্লেখ আছে (HP 3500 মডেল = ২৯৫ টি; HP 2500 মডেল = ১৫৬ টি)।

(গ) Rack APC-52U: Rack-24 U এর ১১ টি পরিবর্তন করে 11x Rack APC-52U প্রদানের জন্য Veridos প্রস্তাব করে। প্রদানকৃত ২৭টি Rittal Rack 47 U ১১টি Rack-24U এর পরিবর্তে আপগ্রেড ভার্সন হিসেবে প্রদান করবে।

(ঘ) Dell PDUt BOQ: সংখ্যা ৪৪ টির বিপরীতে ইতোমধ্যে ২৭টি Rittal Rack এর সঙ্গে ৫৪ টি Rittal PDU দিয়েছে। ১১ টি Rack APC এর জন্য আরও ১১x২= ২২ টি Dell PDU দেওয়ার জন্য Veridos প্রস্তাব করে।

(ঙ) UPS: Swiss ABB এর পরিবর্তে Swiss Centiel প্রদানের জন্য Veridos প্রস্তাব করে।

(চ) Label Printer (Opal OD5+): ১৫টি Label Printer এর মধ্যে ০৬ টি Zebra Label Printer ইতিমধ্যে Veridose কর্তৃক প্রেরণ করেছে। অবশিষ্ট ০৯টি প্রিন্টার BOM অনুযায়ী Opal (OD5+) Label Printer প্রদান করার বিষয়ে মত প্রকাশ করা হয়।

(ছ) Air Condition: Uttara ভবনের উপরের ৩ তলা প্রশাসনিক ভবন ব্যতিত অবশিষ্ট ৭টি তলা সেন্ট্রাল সিস্টেমের মাধ্যমে Air Condition সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। চুক্তি পত্রে ডাটা সেন্টারের জন্য প্রদত্ত Mitsubishi Air Condition এর Internal Unit সেন্ট্রাল সিস্টেমের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় Veridos কর্তৃক Germany তে প্রস্তুতকৃত Stulz ব্র্যান্ড এর Air Condition প্রদান করবে।

(জ) Fire Suppression System: চুক্তি মোতাবেক Oxi Reduct System এর ফায়ার সাপ্রেসন ইউনিট ABB/Wagner Band এর প্রদেয় ছিল। পরবর্তীতে প্রকল্প কর্তৃক পরিবেশগত ও সিস্টেম সম্পৃক্ততার কারণ বিবেচনায় Inert Gas System



Accept করা হয়। ABB/Wagner কর্তৃক Inert Gas ব্যবহৃত Fire Suppression System উৎপাদন না করায় ভেরিডোস কর্তৃক Rotarax, Luxemburg নির্বাচন করে।

(ঝ) PKI Prime Key: Veridos পিকেআই সিস্টেম প্রাইম কি ৪টির পরিবর্তে ২টি এবং ৪টি উটিমাগো দিয়ে ডিসি, ডিআরএস এবং ডিপিডব্লিউ সংযুক্ত করেছে। তবে পিকেআই সিস্টেম এর মাধ্যমে নিরাপত্তা সম্মিলিত কোডসহ পাসপোর্ট প্রিন্টিং এবং ICAO সংযুক্ত বিশ্বব্যাপী সকল আইসিপি কে সংযোগ করার বিষয়টি বিবেচনায় রেখে সিস্টেমে ৪টি প্রাইম কি থাকার বিষয়ে CR কমিটির সভায় মতামত ব্যক্ত করা হয়।

৫। প্রকল্প পরিচালক বিল সংক্রান্ত বিষয়ে সভাকে অবহিত করেন যে, Veridos GmbH কে যথাসময়ে সকল বিল পরিশোধ করার প্রচেষ্টা থাকা সত্ত্বেও ভেরিডোস কর্তৃক প্রেরিত Invoice-এ সুনির্দিষ্ট কিছু সমস্যার কারণে বিগত কয়েকটি বিল প্রদান করা সম্ভব হয় নাই। যেমনঃ

- (ক) কারিগরি বিবরণীর অসামঞ্জস্যতা;
- (খ) প্রস্তুত কারক ও মডেল এর ভিন্নতা;
- (গ) FAT/PSI/QA ব্যতিত ডেলিভারি;
- (ঘ) Installation বিল দাবি করণ;
- (ঙ) যথাযথ কাগজ প্রেরণ না করা।

৬। Installation and Other Service এর বিল পরিশোধ সংক্রান্ত বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ভেরিডোস ৬৫% ইন্সটলেশন চার্জ শিপমেন্ট ডকুমেন্ট ও ইনভয়েস এর জমা প্রদানের বিপরীতে পাওয়ার কঠোর অবস্থানে রয়েছে। প্রকল্প কর্তৃক আরপিও এবং FM এর জন্য SAT এর পরে ৮৫% দেয়ার প্রস্তাব দেয়া হলেও ভেরিডোস তা গ্রহন করেনি। বর্তমান চুক্তি ও এলসি বিধি মোতাবেক ভেরিডোস তাদের চাহিদাকৃত উক্ত বিল পাওয়ার জন্য যোগাযোগ করেছে। কিন্তু কাজ সম্পাদনের পূর্বেই উক্ত বিল প্রদান প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে চ্যালেঞ্জের ভবিষ্যতে সম্মুখীন করতে পারে। এছাড়াও এই প্রজেক্টে স্থাপিত যন্ত্রপাতি দেশের ভিতর আঞ্চলিক পাসপোর্ট অফিসসহ বিভিন্ন বাংলাদেশ দূতাবাস পর্যন্ত বিস্তৃত। কাজেই এ সমস্ত স্থানে যন্ত্রপাতি স্থাপনের পূর্বেই বিল প্রদান করা হলে পরবর্তীতে প্রকল্প ঝুঁকির মধ্যে পড়বে বিধায় উভয় পক্ষের সম্মতিতে চুক্তির পেমেন্ট টার্ম এবং এলসি টার্ম সংশোধনপূর্বক গ্রহণযোগ্য সমাধানে পৌঁছানোর বিষয়ে PIC সভার সকল সদস্য মত পোষণ করেন। এ ব্যাপারে প্রাক্তন ডিজি সিপিটিউ, জনাব ফারুক হোসেন এর মতামত গ্রহণ করা হলে তিনি চুক্তি মোতাবেক চার্জ প্রদান সমীচিন বলে মত প্রদান করেন মর্মে প্রকল্প পরিচালক জানান।

৭। FAT/PSI ব্যতিত IAI মেশিন গ্রহণ সংক্রান্ত বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ই-পাসপোর্ট প্রকল্পে গুরুত্বপূর্ণ সরঞ্জামাদি জাহাজিকরণের (Shipment) পূর্বে PSI অত্যাবশ্যকীয়। ১ম, ২য় ও ৩য় IAI মেশিনের ক্ষেত্রে PSI যথাসময়ে সম্পন্ন শেষে Shipment হয়েছে। কিন্তু ৪র্থ ও ৫ম IAI মেশিন PSI ব্যতীত প্রেরণ করেছে। বিল পেমেন্টের ক্ষেত্রে PSI ডকুমেন্ট অথবা QA (Quality Assurance) সার্টিফিকেট প্রাপ্তি সাপেক্ষে Shipment Release Order ডকুমেন্ট অত্যাবশ্যকীয়। এমতাবস্থায়, FAT/SAT সম্পন্ন শেষে উক্ত কমিটি কর্তৃক Veridos GmbH কে Shipment Release Order ডকুমেন্ট প্রদানের বিষয়ে PIC সভায় সুপারিশ করা হয়।


৮। সভায় Change Request (CR) এর বিষয় সমূহ, বিল সংক্রান্ত বিষয় সমূহ, FAT/PSI/QA ইত্যাদি সহ স্টিয়ারিং কমিটির ৪র্থ সভায় উপস্থাপনকৃত সকল বিষয় PIC সভায় আলোচনা করে সুনির্দিষ্ট মতামত সহ পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।

৯। উপপ্রধান আলোচনায় অংশ নিয়ে মতামত প্রদান করেন যে, C&F এর বকেয়া ২,০০,৯৪,৩৫৬/- টাকা প্রদানের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণ করা, প্রকল্পের ডিপিপিতে উল্লেখিত সময় মোতাবেক বৈদেশিক মিশনে ই-পাসপোর্ট চালুর বিষয়ে

পদক্ষেপ নেয়া, মাইক্রোচীপস বুকলেট, সফটওয়্যার এবং অন্যান্য জিনিসপত্রের টেস্টিং এর জন্য একটি টেস্টিং ল্যাব স্থাপন করা যেতে পারে, যা পরবর্তীতে সংশোধিত প্রকল্পে অন্তর্ভুক্ত করা যেতে পারে, ই-পাসপোর্ট চালুর বিষয়ে ব্যাপক প্রচারণা চালানো প্রয়োজন। তাছাড়া, ই-পাসপোর্ট ব্যবহারের অনুসরণীয় শর্তাবলী এবং ই-গেইট ব্যবহারের নিয়মের বিষয়ে টিভি ফিলার তৈরি করে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা, ডিপিপি'র বাইরে কোন কম্পোনেন্টে অতিরিক্ত ব্যয় করা যাবে না, ই-পাসপোর্ট সংক্রান্ত টুর/প্রশিক্ষণে পরিকল্পনা কমিশন, আইএমইডি, কার্যক্রম বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, অর্থ বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত করা প্রয়োজন, ই-পাসপোর্ট চালুর পর যাতে কোন সমস্যা উদ্ভব না হয় তা কেন্দ্রীয়ভাবে মনিটর করা দরকার, স্টিয়ারিং কমিটির সভা নিয়মিত আয়োজন করা যায়। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

১০। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:












- ১০.১ ই-পাসপোর্ট উদ্বোধনের বিষয়ে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাপতিত্বে একটি প্রত্নুতিমূলক সভা আহ্বান করা;
  - ১০.২ ই-পাসপোর্ট উদ্বোধনের বিষয়ে সার্বক্ষণিক পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখা;
  - ১০.৩ উদ্বোধনের ০১ সপ্তাহ পূর্বে মন্ত্রণালয়, ডিআইপি এবং Veridos GmbH এর প্রতিনিধি সমন্বয়ে একটি সেমিনার/ প্রেস ব্রিফিং এর আয়োজন করা;
  - ১০.৪ উদ্বোধনের আগে স্টিয়ারিং কমিটির পরবর্তী সভা ই-পাসপোর্ট ভবনে করা;
  - ১০.৫ Change Request (CR) এর বিষয় সমূহ, বিল সংক্রান্ত বিষয় সমূহ, FAT/PSI/QA ইত্যাদি সহ স্টিয়ারিং কমিটির ৪র্থ সভায় উপস্থাপনকৃত সকল বিষয় PIC সভায় আলোচনা করে সুনির্দিষ্ট মতামত সহ পরবর্তী সভায় উপস্থাপন করা;
  - ১০.৬ C& F এর বকেয়া ২,০০,৯৪,৩৫৬/- টাকা প্রদানের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণ করা;
  - ১০.৭ প্রকল্পের ডিপিপিতে উল্লেখিত সময় মোতাবেক বৈদেশিক মিশনে ই-পাসপোর্ট চালুর বিষয়ে পদক্ষেপ নেয়া;
  - ১০.৮ মাইক্রোচীপস বুকলেট, সফটওয়্যার এবং অন্যান্য জিনিসপত্রের টেস্টিং এর জন্য একটি টেস্টিং ল্যাব স্থাপন করা যেতে পারে, যা পরবর্তীতে সংশোধিত প্রকল্পে অন্তর্ভুক্ত করা যেতে পারে;
  - ১০.৯ ই-পাসপোর্টের উপর বুকলেট/লিফলেট এবং TVC প্রত্নুত করে প্রচারের ব্যবস্থা করা। ই-পাসপোর্ট ব্যবহারের অনুসরণীয় শর্তাবলী এবং ই-গেইট ব্যবহারের নিয়মের বিষয়েও টিভি ফিলার করে প্রচারের ব্যবস্থা গ্রহণ;
  - ১০.১০ ডিপিপি'র বাইরে কোন কম্পোনেন্টে অতিরিক্ত ব্যয় না করা;
  - ১০.১১ ই-পাসপোর্ট সংক্রান্ত টুর/প্রশিক্ষণে পরিকল্পনা কমিশন, আইএমইডি, কার্যক্রম বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, অর্থ বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত করা;
  - ১০.১২ ই-পাসপোর্ট চালুর পর যাতে কোন সমস্যা উদ্ভব না হয় তা কেন্দ্রীয়ভাবে মনিটর করা;
  - ১০.১৩ স্টিয়ারিং কমিটির সভা নিয়মিত আয়োজন করা।
- ১১। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।





  
(মোঃ শহিদুল আলম)  
সচিব  
সুরক্ষা সেবা বিভাগ।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
পরিকল্পনা শাখা-১

১৫ ডিসেম্বর ২০১৯ তারিখ রোজ রবিবার বেলা ১১.৩০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন” শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৪র্থ সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

ক্র: নং	নাম ও পদবি	প্রতিষ্ঠানের নাম	মোবাইল নম্বর	স্বাক্ষর
১।	শেখ আব্দুল মঈন অতিরিক্ত সচিব	সুরক্ষা সেবা বিভাগ	০১৭১৬-০৪৪১৬৬	
২।	ডো: দাউদ হান্না মহা কারিচালক	পাসপোর্ট মন্ত্রণালয়	০১৭৩৩৪৪০০৫	
৩।	ডো: মিজবানু হুদা প্রোগ্রামার প্রকৌশলী	পাসপোর্ট অধিদপ্তর	০১৫৩৪৫০৩৪০৫	
৪।	ডো: মোহাম্মদ হোসেন সিস্টেম এনালিস্ট	IMED	০১৭৭৪৭৫৩৭৫	
৫।	মোহাম্মদ হাবিবুল হক ডেপুটি সিস্টেম এনালিস্ট সিস্টেম এনালিস্ট	সিস্টেম এনালিস্ট বিভাগ	০১৭১৬ ০৪৭৪৫০	
৬।	মোহাম্মদ মোস্তাফিজুর রহমান অতিরিক্ত সচিব	সুরক্ষা সেবা বিভাগ	০১৭১১৫২৭৫২	
৭।	ডো: মোস্তাফিজুর রহমান সুপারভাইজার	সুরক্ষা সেবা বিভাগ	০১৭১৫০০৪০৩০	
৮।	ডো: আব্দুল হামিদ সি. মাস্টার অফিস	সুরক্ষা সেবা বিভাগ	০১৮৪২-১৪৭ ৩২১	
৯।	মোহাম্মদ মনিরুজ্জামান সিস্টেম এনালিস্ট	সুরক্ষা সেবা বিভাগ	০১৮৭৫০০১৩৫০	
১০।	শিবির হান্নাভার সি. এফ. এফ.	সুরক্ষা সেবা বিভাগ	০১৭১৬৩২৩৪ ৩৪	
১১।	ডো: মিজবানু হুদা সিস্টেম এনালিস্ট (সি.এফ.এ)	সিস্টেম এনালিস্ট	০১৭৩৩৩৭৩৩৬	

ক্র: নং	নাম ও পদবি	প্রতিষ্ঠানের নাম	মোবাইল নম্বর	স্বাক্ষর
১২।	মো: - মিস্ত্রী সুধা কুমারী উপ-পরিচালক	SSD	01754191151	
১৩।	Lt Col সোহাগা বাঈন আইসি	e-Passport, DIP	01769050294	
১৪।	কৈঃ শিবন রাজম উয় মাঝি	e-passport Proj	01769050296	সি.ফি:
১৫।	কলিনা মো: ফারুক-ইল আমর	e-passport Proj	01769050298	
১৬।	মো: মোস্তাফিজ বরমহ মিবি: মঃ প্রদীপ	কোরম বিল নবি: মমিক	01919878320	ম. প্রদীপ ০৭/০৫/১৯
১৭।	মো: হানিজা মিন উপ-পরিচালক	কোরম বিল নবি: মমিক	0222890982	
১৮।				
১৯।				
২০।				
২১।				
২২।				
২৩।				
২৪।				
২৫।				